ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

**ডিসিএম সার্কুলার লেটার নং- ০৫/২০১৯**

তারিখঃ ১৫ শ্রাবণ, ১৪২৬
৩০ জুলাই, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

**কোরবানীর পশুর হাটে জালনোট প্রতিরোধকল্পে তফসিলী ব্যাংকের কর্মকর্তাদের দ্বারা পশু ব্যবসায়ীদেরকে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান প্রসংগে।**

আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে সমগ্র বাংলাদেশের অনুমোদিত কোরবানীর পশুর হাটসমূহে (উপজেলা সদর পর্যন্ত) জাল নোট প্রচলন চক্রের অপতৎপরতা রোধকল্পে জাল নোট সনাক্তকরণ বুথ স্থাপন করতঃ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য আপনাদেরকে নিম্নরূপ নির্দেশনা দেয়া যাচ্ছেঃ-

১. জালনোট সনাক্তকারী মেশিনের সহায়তায় অভিজ্ঞ ক্যাশ কর্মকর্তাদের দ্বারা **হাট শুরুর দিন হতে ঈদের পূর্বরাত পর্যন্ত বিরতিহীনভাবে** পশু ব্যবসায়ীদেরকে বিনা খরচে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান করা জন্য ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত পশুর হাটসমূহে দায়িত্বপ্রাপ্ত তফসিলী ব্যাংকসমূহের তালিকা এতদসংগে সংযুক্ত করা হলো। উক্ত হাটসমূহে সেবা প্রদানের লক্ষ্যে মনোনীত কর্মকর্তাদের নাম, পদবী ও মোবাইল নম্বরসহ আপনাদের ব্যাংকের সমন্বয়কারী একজন উপযুক্ত কর্মকর্তার **নাম, পদবী ও মোবাইল নম্বর আগামী ০৬/০৮/২০১৯ তারিখের মধ্যে** mahmudul.karim@bb.org.bd ইমেইলে প্রেরণ করা। উল্লেখ্য, আপনাদের ব্যাংকের সমন্বয়কারী কর্মকর্তা সংশ্লিষ্ট হাটে দায়িত্ব পালনকারী কর্মকর্তাদের কার্যাদি মনিটর করবেন।

২. ঢাকার বাইরে যে সকল জেলায় বাংলাদেশ ব্যাংকের অফিস রয়েছে সেখানে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভার অনুমোদিত পশুর হাটসমূহে স্থানীয় বাংলাদেশ ব্যাংকের নেতৃত্বে গৃহীত অনুরূপ ব্যবস্থায় প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য আপনাদের আঞ্চলিক কার্যালয়/প্রধান শাখাসমূহকে নির্দেশনা প্রদান করা;

৩. বাংলাদেশ ব্যাংকের অফিস নেই এমন জেলাসমূহের সিটি কর্পোরেশন, পৌরসভা ও থানা/উপজেলার অনুমোদিত পশুর হাটে বিভিন্ন ব্যাংকের এতদসংক্রান্ত দায়িত্ব বন্টনের জন্য সোনালী ব্যাংক লিঃ এর চেস্ট শাখাগুলোকে দায়িত্ব দেয়া হয়েছে। সোনালী ব্যাংক লিঃ এর চেস্ট শাখা কর্তৃক বন্টিত দায়িত্ব অনুযায়ী আপনাদের ব্যাংকের জেলা ও উপজেলা পর্যায়ের শাখাসমূহও যাতে পশুর হাটগুলোতে নোট যাচাই সংক্রান্ত সেবা প্রদান করে সে বিষয়ে সংশ্লিষ্টদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;

৪. বুথ স্থাপন কার্যক্রমের সুবিধার্থে ও প্রয়োজনীয় সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ, জেলা মিউনিসিপ্যালিটি কর্তৃপক্ষ এবং উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট পৌরসভা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ স্থাপন করা এবং সার্বিক নিরাপত্তার জন্য সংশ্লিষ্ট পুলিশ, র‍্যাব ও আনসার কর্তৃপক্ষের সাথে যোগাযোগ স্থাপন করা;

৫. বুথে নোট যাচাইকালে কোন জালনোট ধরা পড়লে সে ক্ষেত্রে অত্র বিভাগের ০৪.০৭.২০০৭ তারিখের পরিপত্র নং-জাল নোটঃ০১(পলিসি)/২০০৭-১৯১ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;

৬. বুথে ব্যাংকের নাম ও তার সাথে **''জাল নোট সনাক্তকরণ বুথ''** উল্লেখপূর্বক ব্যানার/নোটিশ প্রদর্শন করা এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতিকৃতি সম্বলিত ১০০, ৫০০ ও ১০০০ ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত পোস্টারটি প্রদর্শন করা;

৭. ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ভিডিও চিত্র, যা ইতিপূর্বে অত্র বিভাগের ০২/০৩/২০১৮ তারিখের সুত্র নং- ডিসিএম(এফএন)ঃ ১০(সভা)/২০১৮-১০৬৬-১১২৩ এর মাধ্যমে সরবরাহ করা হয়েছিল তা আপনাদের ব্যাংকের শাখাসমূহে ঈদের পূর্বে **৫(পাঁচ) কর্ম দিবস** ব্যাপি গ্রাহকদের জন্য স্থাপিত টিভি মনিটরগুলোতে (যদি না থাকে সেক্ষেত্রে টিভি মনিটর স্থাপনপূর্বক) পুরো ব্যাংকিং সময় পর্যন্ত প্রদর্শন করা;

৮. দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মকর্তাগণকে এতদসংক্রান্ত দায়িত্ব পালনের জন্য আপনাদের ব্যাংকের প্রযোজ্য বিধি অনুযায়ী প্রয়োজনীয় আর্থিক সুযোগ সুবিধা প্রদান করা; এবং

৯. পবিত্র ঈদ-উল-আযহা সমাপ্তির **১০(দশ) কর্ম দিবসের** মধ্যে উপরে বর্ণিত নির্দেশনার সূত্রে আপনাদের কর্তৃক পরিপালিত বিষয়াদির একটি প্রতিবেদন আবশ্যিকভাবে অত্র বিভাগে প্রেরণ করা।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ

- ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক অনুমোদিত পশুর হাটসমূহে দায়িত্বপ্রাপ্ত তফসিলী ব্যাংকসমূহের তালিকা।
- প্রয়োজনীয় ক্ষেত্রে যোগাযোগের জন্য অত্র বিভাগের মনোনীত কর্মকর্তাদের তালিকা।

(মোঃ সুলতান মাসুদ আহমেদ)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০০৯০
ফ্যাক্স- ৯৫৩০০৯১

**ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনস্থ কোরবানীর পশুর হাটে দায়িত্বপ্রাপ্ত ব্যাংকসমূহের তালিকাঃ**

| ক্রমিক নং | কোরবানীর পশুর হাটের নাম | দায়িত্বপ্রাপ্ত ব্যাংকের নাম |
|---|---|---|
| ১. | উত্তর শাহজাহানপুর খিলগাঁও রেলগেট বাজার এর মৈত্রী সংঘের মাঠ সংলগ্ন আশে পাশের খালি জায়গা | এবি ব্যাংক লিঃ |
| | | ব্র্যাক ব্যাংক লিঃ |
| ২. | ঝিগাতলা হাজারীবাগ মাঠ সংলগ্ন আশে পাশের খালি জায়গা | এক্সিম ব্যাংক লিঃ |
| | | এনআরবি গ্লোবাল ব্যাংক লিঃ |
| ৩. | রহমতগঞ্জ খেলার মাঠ সংলগ্ন আশে পাশের খালি জায়গা, লালবাগ | ন্যাশনাল ব্যাংক লিঃ |
| | | মার্কেন্টাইল ব্যাংক লিঃ |
| ৪. | কামরাঙ্গীরচর ইসলাম চেয়ারম্যান এর বাড়ির মোড় হতে দক্ষিণ দিকে বুড়িগঙ্গা নদীর বাঁধ সংলগ্ন জায়গা | ন্যাশনাল ব্যাংক লিঃ |
| | | সাউথইস্ট ব্যাংক লিঃ |
| ৫. | পোস্তগোলা শশ্মানঘাট সংলগ্ন খালী জায়গা | রূপালী ব্যাংক লিঃ |
| | | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ |
| ৬. | শ্যামপুর বালুর মাঠ সংলগ্ন খালি জায়গা, কদমতলী | জনতা ব্যাংক লিঃ |
| | | পদ্মা ব্যাংক লিঃ |
| ৭. | মেরাদিয়া বাজার সংলগ্ন আশেপাশের খালি জায়গা খালি জায়গা, খিলগাঁও | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ |
| | | পূবালী ব্যাংক লিঃ |
| | | বাংলাদেশ কৃষি ব্যাংক লিঃ |
| ৮. | ৩২ নং ওয়ার্ড এর সামসাবাদ মাঠ সংলগ্ন সিটি কর্পোরেশনের খালি জায়গা | ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিঃ |
| | | অগ্রণী ব্যাংক লিঃ |
| | | বেসিক ব্যাংক লিঃ |
| ৯. | লিটল ফ্রেন্ডস ক্লাব সংলগ্ন গোপীবাগ বালুর মাঠ ও কমলাপুর স্টেডিয়াম সংলগ্ন বিশ্ব রোডের আশেপাশের খালি জায়গা | ডাচ-বাংলা ব্যাংক লিঃ |
| | | ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিঃ |
| | | সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিঃ |
| ১০. | শনির আখড়া ও দনিয়া মাঠ সংলগ্ন আশেপাশের খালি জায়গা | মধুমতি ব্যাংক লিঃ |
| | | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ |
| | | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ |
| ১১. | ধুপখোলা মাঠ সংলগ্ন আশে পাশের খালি জায়গা | ডাচ-বাংলা ব্যাংক লিঃ |
| | | সোস্যাল ইসলামী ব্যাংক লিঃ |
| ১২. | ৪১ নং ওয়ার্ডস্থিত কাউয়ার টেক মাঠ সংলগ্ন আশে পাশের খালি জায়গা; | স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ |
| | | আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ |
| ১৩. | দাওকান্দি ইন্দুলিয়া ভাগাপুর নগর (আফতাব নগর ইষ্টার্ন হাউজিং মেরাদিয়া বাজার সেকশন-১ ও ২) লোহারপুলের পূর্ব অংশ এবং খোলা মাঠ সংলগ্ন আশে পাশের খালি জায়গা | ব্র্যাক ব্যাংক লিঃ |
| | | রূপালী ব্যাংক লিঃ |
| | | এনআরবি ব্যাংক লিঃ |
| ১৪. | আমুলিয়া মডেল টাউন এর আশে পাশের খালি জায়গা | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিঃ |
| | | সোনালী ব্যাংক লিঃ |

বিশেষ দ্রষ্টব্যঃ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক কোন বিশেষ কারণে কোন হাটের কার্যক্রম বাতিল করা হলে সে বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংককে অবহিত করা হবে।

# ঢাকা উত্তর সিটি কর্পোরেশনস্থ কোরবানীর পশুর হাটে দায়িত্বপ্রাপ্ত ব্যাংকসমূহের তালিকাঃ

| ক্রমিক নং | কোরবানীর পশুর হাটের নাম | দায়িত্বপ্রাপ্ত ব্যাংকের নাম |
|---|---|---|
| ১. | মিরপুর গাবতলী গবাদি পশুর হাট | সোনালী ব্যাংক লিঃ |
| | | ইউনিয়ন ব্যাংক লিঃ |
| | | সীমান্ত ব্যাংক লিঃ |
| | | পূবালী ব্যাংক লিঃ |
| ২. | উত্তরা ১৫ নং সেক্টরের ১ ও ২ নং ব্রীজের পশ্চিমের ফাঁকা জায়গা | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ |
| | | শাহজালাল ইসলামী ব্যাংক লিঃ |
| | | ঢাকা ব্যাংক লিঃ |
| ৩. | ভাটারা (সাইদনগর) পশুর হাট | যমুনা ব্যাংক লিঃ |
| | | জনতা ব্যাংক লিঃ |
| ৪. | ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট এর খেলার মাঠ | ওয়ান ব্যাংক লিঃ |
| | | উত্তরা ব্যাংক লিঃ |
| ৫. | মোহাম্মদপুর বুদ্ধিজীবি সড়ক সংলগ্ন (বসিলা) পুলিশ লাইনের খালি জায়গা | অগ্রণী ব্যাংক লিঃ |
| | | মেঘনা ব্যাংক লিঃ |
| ৬. | মিরপুর সেকশন-০৬, ওয়ার্ড-০৬ (ইস্টার্ন হাউজিং) এর খালি জায়গা | দি সিটি ব্যাংক লিঃ |
| | | দি প্রিমিয়ার ব্যাংক লিঃ |
| ৭. | মিরপুর ডিওএইচএস সংলগ্ন উত্তর পার্শ্বের সেতু প্রপার্টি হাউজিং এর খালি জায়গা | প্রাইম ব্যাংক লিঃ |
| | | মিডল্যান্ড ব্যাংক লিঃ |
| ৮. | বাড্ডা ইষ্টার্ন হাউজিং (আফতাবনগর) ব্লক-ই,সেকশন-৩ এর খালি জায়গা | ব্যাংক এশিয়া লিঃ |
| | | মার্কেন্টাইল ব্যাংক লিঃ |
| | | প্রাইম ব্যাংক লিঃ |
| ৯. | কাওলা শিয়ালডাঙ্গা সংলগ্ন খালি জায়গা | ট্রাস্ট ব্যাংক লিঃ |
| | | আইএফআইসি ব্যাংক লিঃ |
| ১০. | ভাষানটেক রাস্তার নির্মাণাধীন অব্যবহৃত ও পরিত্যাক্ত অংশ এবং পাশের খালি জায়গা | ইস্টার্ন ব্যাংক লিঃ |
| | | উত্তরা ব্যাংক লিঃ |

বিশেষ দ্রষ্টব্যঃ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক কোন বিশেষ কারণে কোন হাটের কার্যক্রম বাতিল করা হলে সে বিষয়ে সংশ্লিষ্ট ব্যাংককে অবহিত করা হবে।

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(জাল ও অচল নোট প্রতিরোধ ও পর্যালোচনা কোষ)

প্রয়োজনীয় তথ্য/সহযোগিতার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সাথে যোগাযোগ করা যেতে পারেঃ

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | পদবী | মোবাইল নং | ইমেইল |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ শহিদুল আলম | যুগ্ম-পরিচালক | ০১৭৬৭৬৭৪৫৩২ | shahidul.alam449@bb.org.bd |
| ২. | জনাব মাহমুদুল করিম | উপ-পরিচালক | ০১৭১২১১২০০৩ | mahmudul.karim@bb.org.bd |